বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
আইন/বিধি/প্রবিধান প্রণয়ন শাখা
আইন অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নং- ৫৩.০৩.০০০০.০৭৫.০২২.০১১.১৮-৪৯ ০৯ মে, ২০১৮

বিজ্ঞপ্তি

বিষয়ঃ খসড়া প্রবিধানমালার বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত বীমা জরিপকারীদের কর্তব্য ও দায়িত্ব এবং আচরণবিধি প্রবিধানমালা, ২০১৮ এর খসড়া বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিজস্ব ওয়েবসাইটে আপলোড করা হয়েছে ⟶ (www.idra.org.bd) Latest News। উক্ত খসড়া প্রবিধানের বিষয়ে আপনার সুচিন্তিত মতামত আগামী ১৫ দিনের মধ্যে ই-মেইলে (aindept.idra@gmail.com) অথবা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বরাবর হার্ডকপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য নির্ধারিত সময়ের মধ্যে খসড়া প্রবিধানের বিষয়ে বিশেষজ্ঞগণ এবং সর্বসাধারণও মতামত প্রদান করতে পারবেন।

০৯/০৫/২০১৮
(ড. মহাঃ বশিরুল আলম)
পরিচালক (যুগ্মসচিব)

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়)
২। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন, সাধারণ বীমা কর্পোরেশন।
৩। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন।
৪। জনাব মোঃ সাঈদ কুতুব, উপ-সচিব (আর্থিক প্রতিষ্ঠান বিভাগ,অর্থ মন্ত্রণালয়)
৫। প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম।
৬। মুখ্য নির্বাহী কর্মকর্তা (লাইফ): আলফা ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/বায়রা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/বেস্ট লাইফ ইন্স্যুঃ লিঃ/চার্টার্ড লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/ডেল্টা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/ডায়মন্ড লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/ফারইস্ট ইসলামী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/গোল্ডেন লাইফ ইন্স্যুঃ লিঃ/গার্ডিয়ান লাইফ ইন্স্যুঃ লিঃ/হোমল্যান্ড লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/যমুনা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/লাইফ ইন্স্যুঃ কর্পোরেশন অব বাংলাদেশ লিঃ/মেঘনা লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/মার্কেন্টাইল ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/মেটলাইফ/ন্যাশনাল লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/এনআরবি গ্লোবাল লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/পদ্মা ইসলামী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রগতি লাইফ ইন্স্যুঃ লিঃ/পপুলার লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/প্রগ্রেসিভ লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রোটেক্টিভ ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/রূপালী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/সন্ধানী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/স্বদেশ লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/সোনালী লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/সানফ্লাওয়ার লাইফ ইন্স্যুঃ কোঃ লিঃ/সানলাইফ ইন্স্যুঃ কোং লিঃ/ট্রাস্ট ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ/জেনিথ ইসলামী লাইফ ইন্স্যুঃ লিঃ।
৭।মুখ্য নির্বাহী কর্মকর্তা (নন-লাইফ): অগ্রণী ইন্স্যুঃ কোঃ লিঃ/এশিয়া ইন্স্যুঃ লিঃ/এশিয়া প্যাসিফিক জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/বাংলাদেশ কো-অপারেটিভ ইন্স্যুঃ লিঃ/বাংলাদেশ জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/বাংলাদেশ ন্যাশনাল ইন্স্যুঃ কোঃ লিঃ/সেন্ট্রাল ইন্স্যুঃ কোঃ লিঃ/সিটি জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/কন্টিনেন্টাল ইন্স্যুঃ লিঃ/ক্রিষ্টাল ইন্স্যুঃ কোঃ লিঃ/দেশ জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/ঢাকা ইন্স্যুঃ লিঃ/ইষ্টল্যান্ড ইন্স্যুঃ কোঃ লিঃ/ইষ্টার্ণ ইন্স্যুঃ কোঃ লিঃ/এক্সপ্রেস ইন্স্যুঃ লিঃ/ফেডারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/গ্লোবাল ইন্স্যুঃ লিঃ/গ্রীণ ডেল্টা ইন্স্যুঃ কোঃ লিঃ/ইসলামী কমার্শিয়াল ইন্স্যুঃ কোঃ লিঃ/ইসলামী ইন্স্যুঃ বাংলাদেশ লিঃ/জনতা ইন্স্যুঃ কোঃ লিঃ/কর্ণফুলী ইন্স্যুঃ কোঃ লিঃ/মেঘনা ইন্স্যুঃ কোঃ লিঃ/মার্কেনটাইল ইন্স্যুঃ কোঃ লিঃ/নিটল ইন্স্যুঃ কোঃ লিঃ/নর্দার্ণ জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/প্যারামাউন্ট ইন্স্যুঃ কোঃ লিঃ/পিপলস্ ইন্স্যুঃ কোঃ লিঃ/ফিনিক্স ইন্স্যুঃ কোঃ লিঃ/পাইওনিয়ার ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রগতি ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রাইম ইন্স্যুঃ কোঃ লিঃ/প্রভাতী ইন্স্যুঃ কোঃ লিঃ/পূরবী জেনারেল ইন্স্যুঃ কোঃ লিঃ/রিলায়েন্স ইন্স্যুঃ লিঃ/রিপাবলিক ইন্স্যুঃ কোঃ লিঃ/রূপালী ইন্স্যুঃ কোঃ লিঃ/সেনা কল্যাণ ইন্স্যুঃ কোঃ লিঃ/সিকদার ইন্স্যুঃ কোঃ লিঃ/সোনার বাংলা ইন্স্যুঃ লিঃ/স্ট্যান্ডার্ড ইন্স্যুঃ লিঃ/সাউথ এশিয়া ইন্স্যুঃ কোঃ লিঃ/তাকাফুল ইসলামী ইন্স্যুঃ লিঃ/ইউনিয়ন ইন্স্যুঃ কোঃ লিঃ/ইউনাইটেড ইন্স্যুঃ কোঃ লিঃ।

বীমা জরিপকারীদের কর্তব্য ও দায়িত্ব এবং আচরণবিধি প্রবিধানমালা, ২০১৮

বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন) এর ধারা ১৪৮ এবং ধারা ১২৭ এর দফা (৯) এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :-

১। **শিরোনাম ও প্রবর্তন** ।- (১) এই প্রবিধানমালা বীমা জরিপকারীদের কর্তব্য ও দায়িত্ব এবং আচরণবিধি প্রবিধানমালা, ২০১৮ নামে অভিহিত হইবে ।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা** ।- (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায় –

(ক) 'আইন' অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন)।

(খ) 'কর্তৃপক্ষ' অর্থ বীমা আইন, ২০১০ এর ধারা ২ এর দফা (১০) এ সংজ্ঞায়িত কর্তৃপক্ষ ।

(গ) 'জরিপকারী এবং ক্ষতি নির্ধারক' অর্থ বীমা জরিপকারীদের লাইসেন্স প্রদান বিধিমালা, ২০১৮ এর বিধান মোতাবেক নন-লাইফ ইন্স্যুরেন্সের চুক্তির অধীনে বীমাকৃত কোন পণ্য, সম্পত্তি বা স্বার্থের কোন জরিপ এবং ক্ষতি নির্ধারণ করার নিমিত্তে কর্তৃপক্ষ থেকে লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান ।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নং আইন), অথবা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নং আইন) এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **জরিপকারী এবং ক্ষতি নির্ধারক এর কর্তব্য ও দায়িত্ব :** (১) জরিপকারী এবং ক্ষতি নির্ধারক নন-লাইফ ইন্স্যুরেন্সের চুক্তির অধীনে বীমাকৃত কোন পণ্য, সম্পত্তি বা স্বার্থের উদ্ভুত ক্ষতি নির্ধারণের লক্ষ্যে তদন্ত, পরিমাপ ও যাচাইয়ে জরিপ কার্যকালের অধিকাংশ সময় প্রদানসহ কর্মদক্ষতা, বাস্তবানুগতা এবং পেশাদারিত্ব ও আচরণবিধি কঠোরভাবে অনুসরণে সততার সাথে জরিপ কার্যসম্পাদন করিয়া প্রতিবেদন প্রেরণ করিবে।

(২) জরিপকারী এবং ক্ষতি নির্ধারক জরিপ কাজ সম্পাদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত কর্তব্য এবং দায়িত্ব পালন করিবে : -

(ক) জরিপকারী এবং ক্ষতি নির্ধারকের সাথে বীমাকারী বা বীমাগ্রহীতার কোন ধরনের সম্পর্ক যেমন, আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব, ব্যবসায়িক অংশীদার এবং বস্তুগত অংশীদারিত্ব ইত্যাদি থাকিলে জরিপ প্রতিবেদনে তা প্রকাশ করিতে হইবে;

(খ) বীমাকারীর দায় এবং বীমাগ্রহীতার দাবি বিষয়ের গোপনীয়তা এবং নিরপেক্ষতা বজায় রাখিতে হইবে;

(গ) বীমাকৃত সম্পত্তির ক্ষতি নিরূপনে কোন ধরণের প্রশ্ন বা সন্দেহের প্রতিয়মান হইলে তাহা সমাধানের লক্ষ্যে জরিপকারী এবং ক্ষতি নির্ধারককে সরেজমিনে সম্পত্তি পরিদর্শন ও প্রয়োজনে একাধিকবার পরিদর্শন কার্য পরিচালনা করিতে হইবে;

(ঘ) ক্ষতির পরিমাণ, মালিকানাধীন প্রকৃতি এবং বীমা দাবী বিলম্বে পরিশোধের সুদ গণনাসহ ক্ষতির সার্বিক পরিস্থিতির উপর পরীক্ষা, অনুসন্ধান, তদন্ত ও যাচাই করিতে হইবে ;

(ঙ) বীমার অধীনে দাবীর অধিকার এবং অন্য কোন সম্পর্কিত বিষয়ের উপর মন্তব্যের জন্য সরেজমিন এবং চূড়ান্ত জরিপ পরিচালনা করিতে হইবে;

(চ) ক্ষতির পরিমাপ নির্ধারণ পূর্বক বিবরণ প্রদান করিতে হইবে;

(ছ) ক্ষতিপূরণের হার, ক্ষতি নিয়ন্ত্রণ এবং নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে জরিপ প্রতিবেদনে উল্লেখ করিতে হইবে;

(জ) পলিসি দলিলের শব্দভান্ডারে কোন বিচ্যুতি পরিলক্ষিত হইলে তাহা উল্লেখ করিতে হইবে;